



প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে কোরিয়াটেকের সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) এবং কোরিয়া ইউনিভার্সিটি অব টেকনোলজি এন্ড এডুকেশন (কোরিয়াটেক) এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (৫ সেপ্টেম্বর ২০২৩) নোবিপ্রবির পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম এবং কোরিয়াটেকের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়ো কিং স্যাং।

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টারের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকী। ভার্সুয়ালি যোগ দেন কোরিয়াটেকের এক্সট্রিনাল এ্যাফেয়ার্সের ডিন প্রফেসর ড. ন্যাম মিন চো এবং এ সংশ্লিষ্ট টিম। মূলত শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার লক্ষে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

এসময় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কোরিয়াটেকের মধ্যে স্বাক্ষরিত এ সমঝোতা স্মারক ভবিষ্যতে দুই বিশ্ববিদ্যালয়কে এগিয়ে যেতে সহায়ক ভূমিকা পালন করবে। শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে এ ধরনের সমঝোতা চুক্তি দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে অত্যন্ত সহায়ক। আমি এর সাফল্য কামনা করিছি' এসময় মাননীয় উপাচার্য চুক্তি সম্পাদনের সাথে যুক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং অভিনন্দন জানান।

R. K. K.

রাহমান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়